শেখ হাসিনার সু-শাসন
জনসেবায় প্রশাসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাইমুড়ী, নোয়াখালী
http://sonaimuri.noakhali.gov.bd

স্মারক নং ০৫.৪২.৭৫৮৩.০০১.০৫.০৮০.২০২১- ১০৭ তারিখ: ২০/০২/২০২২ খ্রি.

বিষয়: আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২খ্রি. তারিখ রোজ শনিবার সারাদেশে একযোগে ১২ বছরের উর্ধ্বে সকলকে লক্ষ্যমাত্রা অনুযায়ী (কোভিড-১৯) এর ১ম ডোজের ভ্যাকসিন প্রদানের বিষয়টি ব্যাপক প্রচার প্রসঙ্গে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-১ শাখার স্মারক নং ১৮৭/(৮), তারিখ : ১৬/০২/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২২খ্রি. তারিখ রোজ শনিবার সারাদেশে একযোগে ১২ বছরের উর্ধ্বে সকলকে লক্ষ্যমাত্রা অনুযায়ী (কোভিড-১৯) ১ম ডোজের অবশিষ্ট ১(এক) কোটি লোককে করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদান করা হবে।

এমতাবস্থায় বর্ণিত কার্যক্রমের অংশ হিসেবে সোনাইমুড়ী উপজেলাধীন উক্ত কর্মসূচি সুন্দর, সুষ্ঠু সম্পাদনের লক্ষ্যে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত নির্দেশনা পত্রটি (কপি সংযুক্ত) বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : নির্দেশনা পত্র .............টি ফর্দ।

20/02/2022

মোঃ ইসমাইল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
সোনাইমুড়ী, নোয়াখালী
মোবাইল: ০১৭০৫-৪০৫০০১
E-mail: unosonaimuri@gmail.com

প্রাপক:
২। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনাইমুড়ী, নোয়াখালী
২।চেয়ারম্যান........নং.........................ইউপি (সকল), সোনাইমুড়ী, নোয়াখালী
৩। সভাপতি/সম্পাদক, হিন্দু-বৌদ্ধ ঐক্য পরিষদ, সোনাইমুড়ী

স্মারক নং ০৫.৪২.৭৫৮৩.০০১.০৫.০৮০.২০২১- ১০৭/১(০৪) তারিখ: ২০/০২/২০২২ খ্রি.
সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।
০১। জেলা প্রশাসক, নোয়াখালী
০২। চেয়ারম্যান , উপজেলা পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী
০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সোনাইমুড়ী, নোয়াখালী
০৪। অফিস কপি।

20/02/2022

উপজেলা নির্বাহী অফিসার
সোনাইমুড়ী, নোয়াখালী

D:\SONAIMURI\ALL DEPARTMENT\KORONA VIRUS\FORWARDING.doc

...ভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ...া হয়েছে। এ বিষয়ে আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

১) উৎসব মুখর পরিবেশে টিকা প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে;

২) ২৬ তারিখের আগে ২টি শুক্রবারে (১৯ ও ২৫ ফেব্রুয়ারি) জুম্মার নামাজের খুৎবার পূর্বে মসজিদে টিকা প্রদানের বিষয়টি সকলকে অবহিত করতে হবে;

৩) ১২ বছরের উর্ধ্বে সকলকে টিকা দেওয়ার বিষয়টি প্রচারণা চালাতে হবে; যাদের টিকা নিবন্ধন নেই বা জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট নেই, এমন ব্যক্তিরাও করোনার প্রথম ডোজের টিকা নিতে পারবেন এ বিষয়টি প্রচারণা চালাতে হবে;

৪) টিকা প্রদানের কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষার জন্য গ্রাম পুলিশের সহায়তা নিতে হবে;

৫) টিকা কেন্দ্রে চেয়ার, বেঞ্চ, বোতলজাত পানি ও অস্থায়ী টয়লেটের ব্যবস্থা রাখতে হবে;

৬) সিটি কর্পোরেশন ও স্থানীয় প্রশাসন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীকে সফলভাবে টিকা কার্যক্রম সম্পাদনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা যেতে পারে;

৭) টিকা প্রদান কার্যক্রমে জনপ্রতিনিধিগণ সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন;

৮) গ্রাম/মহল্লায় মাইকিং এর মাধ্যমে ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে গণ টিকা প্রদানের বিষয়টি প্রচারণা চালাতে হবে এবং এছাড়া খোলা ট্রাকে বাউল শিল্পীদের মাধ্যমে প্রচারণা চালানো যেতে পারে;

৯) উপপরিচালক, স্থানীয় সরকার তাঁর জেলার পৌরসভা ও ইউনিয়ন পরিষদের গণ টিকা প্রদান কার্যক্রমসমূহ মনিটরিং করবেন;

১০) পরিচালক, স্থানীয় সরকার তাঁর বিভাগের সিটি কর্পোরেশন ও সকল উপপরিচালক, স্থানীয় সরকারকে মনিটরিং করবেন;

১১) বস্তি এলাকা, হাট-বাজার, বাস টার্মিনাল, রিক্সা চালক, অটো রিক্সা চালক ও ভ্যান চালকগণকে টিকা গ্রহণের বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে এবং বৃদ্ধ ও অসুস্থদের ভ্যান গাড়ীতে আনার ব্যবস্থা করতে হবে;

১২) করোনা ভাইরাসের বিস্তার রোধকল্পে এবং টিকা প্রদান কার্যক্রমে সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিটি, পৌরসভার ওয়ার্ড কমিটি, ইউনিয়ন পরিষদে ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটিগুলোকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। উক্ত কমিটিকে কার্যকরভাবে ভূমিকা পালনের জন্য স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা/অনুবিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে;

১৩) স্থানীয় সরকার বিভাগ হতে সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদের অনুকূলে এ জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করা হবে;

১৪) স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) কর্তৃক ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ শনিবার করোনা ভাইরাসের ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে প্রত্যক্ষ সহযোগিতা প্রদানের বিষয়ে উপ-পরিচালক, স্থানীয় সরকার একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।